দৈনিক ইত্তেফাক

তারিখ 07 NOV 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

# নতুন জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের ননক্যাডার ঘোষণার দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

নতুন জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের প্রথম শ্রেণির নন-ক্যাডার ঘোষণার দাবি জানিয়েছেন বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। একইসঙ্গে জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের জাতীয়করণ হওয়া কলেজেই সীমাবদ্ধ রাখার দাবি জানিয়েছেন তারা। গতকাল রবিবার জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি জানান সমিতির নেতৃবৃন্দ।

সম্মেলনে সংগঠনের সভাপতি সেলিম উল্লাহ বলেন, কোনোভাবেই এসব শিক্ষককে ক্যাডার হিসাবে নিয়োগ দেওয়া যাবে না। জাতীয়করণ করা কলেজের শিক্ষকদের সঙ্গে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারদের সমন্বিত করে অভিন্ন, জ্যেষ্ঠতার তালিকা করলে মেধাবীরা বঞ্চিত হবেন। শিক্ষায় মানের অভাব দেখা দিবে। কারণ হিসাবে তিনি বলেন, জাতীয়করণ করা কলেজের শিক্ষকরা ইন্টারমিডিয়েট পড়ান। তাদের অনার্স, মাস্টার্স পড়ানো কলেজে বদলি হয়ে আসার সুযোগ দিলে শিক্ষার মান পড়ে যাবে। তাই আমাদের সঙ্গে সাধারণ শিক্ষকদের মেলাবেন না। বিসিএস ক্যাডার সদস্যদের সকল সুবিধা অক্ষুণ্ন রেখে জাতীয়করণ করা শিক্ষকদের জন্য নতুন বিধিমালা তৈরির দাবি জানান তিনি। সমিতির মহাসচিব শাহেদুল খবির চৌধুরী বলেন, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণে সরকারের সুনির্দিষ্ট নীতিমালা থাকা জরুরি। বিসিএস ক্যাডার সদস্যদের সকল সুবিধা অক্ষুণ্ন রেখে জাতীয়করণকৃত শিক্ষকদের জন্য পৃথক পরিচালনা, নিয়োগ, জেষ্ঠ্যতা ও পদোন্নতির নীতিমালা প্রণয়ন করতে হবে। বিসিএসে উত্তীর্ণ ছাড়া অন্য কোনো পথে আসা কাউকে ক্যাডারভুক্ত করা যাবে না।